গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডুমুরিয়া, খুলনা
www.dumuria.khulna.gov.bd

স্মারক নং- ৩১.৪৪.৪৭১৭.০০২.১৫.০০১.২৩-৩৩২/১

তারিখ ঃ ২১ চৈত্র ১৪২৯ / ০৪ এপ্রিল ২০২৩

এতদ্বারা প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন নিম্ন বর্ণিত ২০ একর পর্যন্ত (বদ্ধ) জলমহাল বঙ্গাব্দ ১৪৩০ হতে ১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে নিম্ন বর্ণিত সময়সূচী অনুসারে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ইজারার নিমিত্ত সরকার কর্তৃক জারীকৃত নির্দিষ্ট আবেদন ফরম জেলা প্রশাসক, খুলনা এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া ও সকহকারী কমিশনার (ভূমি), ডুমুরিয়া, খুলনা এর কার্যালয় হতে নগদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে নিম্ন লিখিত সময়সূচী মোতাবেক ক্রয় করা যাবে। জলমহালসমূহ বর্তমানে যেখানে যে অবস্থায় আছে সে সম্পর্কে নিশ্চিত হয়ে আবেদন দাখিল করতে হবে। পরবর্তীতে জলমহলের আয়তন কম/বেশী সম্পর্কিত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

### -ঃ দরপত্রের দিনপঞ্জি ঃ-

| দরপত্রের পর্যায় | দরপত্র ফরম বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের শেষ সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ০৯/০৪/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৩.৩০টা পর্যন্ত | ১১/০৪/২০২৩ খ্রি. তারিখ দুপুর ১.০০টা | ১১/০৪/২০২৩ খ্রি. তারিখ দুপুর ২.০০টা |

### -ঃ ১৪৩০-১৪৩২ মেয়াদে ২০ একর পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের তালিকা ঃ-

| ক্রঃ নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | আয়তন (একর) | পূর্ববর্তী ইজারা মূল্য | ৫% বৃদ্ধির পরে ১৪৩০-১৪৩২ সনের সম্ভাব্য ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | গজালিয়া চক জলমহাল | মাগুরখালী | ১৯.০৮ | ৫,২১১/- | ৫,৪৭২/- | |
| ২ | জিগলিয়ার খাল | মাগুরখালী | ৫.০২ | ২,৮৯৪/- | ৩,০৩৯/- | |
| ৩ | নাথেরকুড় খাল | মাগুরখালী | ৬.৫১ | ৬,৩৯৭/- | ৬,৭১৭/- | |
| ৪ | সড়কখালী চক | শরাফপুর | ৭.৮০ | ৫৯৭২/- | ৬,২৭১/- | |
| ৫ | শ্যামনগর খাল | মাগুরখালী | ৩.৪৮ | ২,৫৫৮/- | ২,৬৮৬/- | |
| ৬ | পাখিমারা খাল | মাগুরখালী | ৮.৪৬ | ১৪,৫৮৭/- | ১৫,৩১৭/- | |
| ৭ | তেতুলতলা খাল | মাগুরখালী | ১০.৯৫ | ১৫,৯২৪/- | ১৬,৭২১/- | |
| ৮ | বাইনতলা খাল | মাগুরখালী | ১০.০০ | ৩,৮৩২/- | ৪,২৩৬/- | |
| ৯ | মাঠভাঙ্গা | মাগুরখালী | ৪.৫২ | ৬,৭৮০/- | ৭,১১৯/- | |
| ১০ | নাটুয়াবাড়ী খাল | ভান্ডার পাড়া | ১৩.০০ | ৪,৭৪৮/- | ৪,৯৮৬/- | |
| ১১ | মানাইখালী জলমহাল | ভান্ডার পাড়া | ১৫.০০ | ৪,৪৬৯/- | ৪,৬৯৩/- | |
| ১২ | নলঘোনা | ভান্ডার পাড়া | ১৮.৮০ | ৫,৭৫৩/- | ৬,০৪১/- | |
| ১৩ | বারইকাটি খাল | শোভনা | ৬.৬৭ | ১,২৭৪/- | ১,৩৩৮/- | |
| ১৪ | কাকড়াখালী খাল | শোভনা | ৫.৭৩ | ১১,৪৯০/- | ১২,০৬৫/- | |
| ১৫ | বাওরের খাল | শোভনা | ২০.০০ | ৪,০৮৬/- | ৪,২৯১/- | |
| ১৬ | মেছাঘোনা খাল | শোভনা | ৭.১৩ | ২,৩৯৭/- | ২,৫১৭/- | |
| ১৭ | সড়ক খালী দোয়ানিয়া খাল | বয়ারশিং | ১৫.২৫ | ১০,৪২৯/- | ১০৯৫০/- | |
| ১৮ | বাগমারা নদী | শোভনা | ১২.০৪ | ১,১৫৯/- | ১,২১৭/- | |
| ১৯ | কামার গোদা খাল | শরাফপুর | ৪.০২টিপ | ৩,৮২১/- | ৪,০১৩/- | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২০ | বালার খাল | শরাফপুর | ৭.৩৫ | ৪,৫৫৩/- | ৪,৭৮১/- |
| ২১ | কালিকাপুর খাল/বাদুরগাছা খাল | শরাফপুর | ৬.৬৯ | ১২,২৭১/- | ১২,৮৮৬/- |
| ২২ | শরাফপুর মৌজা জলকর | শরাফপুর | ১৯.৪২ | ৭,০৬৩/- | ৭,৪১৭/- |
| ২৩ | বড় মুড়াবুনিয়া | বয়ারশিং | ১০.০০ | ৯,৫৮১/- | ১০,০৬১/- |
| ২৪ | চিত্রামারী খাল | ডুমুরিয়া | ২.৫০ | ৪,৬৩১/- | ৪,৮৬৩/- |
| ২৫ | শ্রীনদী জলমহাল | ধামালিয়া | ৬.২০ | ৩,৭২১/- | ৩,৯০৯/- |
| ২৬ | বরুনা ছোট বিল জলমহাল | ধামালিয়া | ৪.৩৭ | ১৮,৯৮৬/- | ১৯,৯৩৬/- |
| ২৭ | পোত খালী খাল | সাহস | ৫.০০ | ৯,১১৭/- | ৯,৫৭৩/- |
| ২৮ | আলোক দিয়া খাল | আটলিয়া | ১৯.৮৫ | ৬,৪২৫/- | ৬,৭৪৭/- |
| ২৯ | চারা খালী খাল | আটলিয়া | ১০.০৮ | ১৩,১৩৯/- | ১৩,৭৯৬/- |
| ৩০ | গোনালী বাওরের খাল | খর্নিয়া | ১০.০০ | ২,৯৫০/- | ৩,০৯৮/- |
| ৩১ | চ্যাংমারি খাল | বয়ারশিং | ৪.৮৫ | ১,৩১৩/- | ১,৩৭৯/- |
| ৩২ | কোড়াকাটা বদ্ধ জলমহাল | মাগুরখালী | ৬.০০ | ৯,৫৮৬/- | ১০,০৬৬/- |
| ৩৩ | ঘোনাদাড়া খাল | গুটুদিয়া | ১৯.০০ | ১,৪৬০/- | ১,৫৩৩/- |
| ৩৪ | শিশা খাল | গুটুদিয়া | ৩.৪৯ | ১,৮০৮/- | ১,৮৯৯/- |
| ৩৫ | মির্জাপুর নদী জলমহাল | গুটুদিয়া | ৭.০০ | ১১,৮০৯/- | ১২,৪০০/- |
| ৩৬ | চান্দামারী খাল | গুটুদিয়া | ১৯.০০ | ২,৩১৬/- | ২,৪৩২/- |
| ৩৭ | চকআসান খালী খাল | গুটুদিয়া | ১৭.৯৫ | ৪,৬৩১/- | ৪,৮৬৩/- |
| ৩৮ | রাজবন্দ খাল | গুটুদিয়া | ৫.৫২ | ২,৪২৫/- | ২,৫৪৭/- |
| ৩৯ | গোলাপদাহ চক | বয়ারশিং | ১৭.০০ | ৯২২২/- | ৯৬৮৩/- |
| ৪০ | মাগুরখালী খাল | গুটুদিয়া | ৯.১৮ | ২,৩১৬/- | ২,৪৩২/- |
| ৪১ | নিচুখালী চক জলকর | কুলবাড়িয়া বরাতিয়া | ৮.০০ | ১৫,০০০/- | ১৫,৭৫০/- |
| ৪২ | শিংয়ের দাড়াটাট খাল | আটলিয়া | ৮.০০ | ৯,১১৯/- | ৯,৫৭৫/- |
| ৪৩ | মুচিপোতা খাল | ভান্ডার পাড়া | ৬.৭৩ | ৪,৮৬৩/- | ৫,১০৬/- |
| ৪৪ | জিলের ডাঙ্গা মৌজার দোয়ানিয়া | গুটুদিয়া | ৩.৯০ | ৪,৪০০/- | ৪,৬২০/- |
| ৪৫ | শিবপুর বাদুরগাছা (বদ্ধ) জলমহাল | শোভনা | ১৩.২৮ | ৫,৭৮৯/- | ৬,০৭৯/- |
| ৪৬ | চিত্রামারী (বদ্ধ) জলমহাল | মাগুরখালী | ৪.৮৮ | ৮,৭০৪/- | ৯,১৪০/- |
| ৪৭ | ভেন্নাবুনিয়া (বদ্ধ) জলমহাল | শোভনা | ৯.০০ | ৪,৪৯৮/- | ৪,৭২৩/- |
| ৪৮ | খলশী বুনিয়াচক(বদ্ধ) জলমহাল | আটলিয়া | ১২.৫৩ | ১৫,২৩২/- | ১৫,৯৯৪/- |
| ৪৯ | তালতলা নদী (বদ্ধ) জলমহাল | ভান্ডার পাড়া | ৭.৩৫ | ৬,০৭৭/- | ৬,৩৮১/- |
| ৫০ | চুচরানাড়ী খাল (বদ্ধ) জলমহাল | সাহস | ৪.০০ | ২,২০৫/- | ২,৩১৬/- |
| ৫১ | টিপনার দোয়ানিয়া(বদ্ধ) জলমহাল | খর্নিয়া | ১৭.১৩ | ১,৯৩০/- | ২,০২৭/- |
| ৫২ | হোল্ডিং ৬০৪ (বদ্ধ) জলমহাল | শোভনা | ৮.৯২ | ৩,৬৭৫/- | ৩,৮৫৯/- |
| ৫৩ | সীতামারী (বদ্ধ) জলমহাল | শরাফপুর | ৩.৮০ | ৬,৮৯২/- | ৭,২৩৭/- |
| ৫৪ | খানাপাড়ীয়া (বদ্ধ) জলমহাল | আটলিয়া | ১১.০০ | ১৬,৫৩৮/- | ১৭,৩৬৫/- |
| ৫৫ | সড়ক খালি দোয়ানিয়া খাল | বয়ারশিং | ১০.০০ | ১০,৪২৯/- | ১০,৯৫০/- |
| ৫৬ | বৈঠাহারা বিল (বদ্ধ) জলমহাল | আটলিয়া | ১২.২৫ | ১,৯২৩/- | ২,০২০/- |
| ৫৭ | খলসী উত্তর বিল | ডুমুরিয়া সদর | ১৮.৫৭ | ২,০৯৪/- | ২,১৯৯/- |
| ৫৮ | উখরা নদী (বদ্ধ) জলমহাল | শোভনা | ১৭.২৭ | ৫,৫১৫/- | ৫,৭৯১/- |
| ৫৯ | কামরাও টানের খাল (বদ্ধ) জলমহাল | বয়ারশিং | ৬.৬৭ | ৭,৮৭৫/- | ৮,২৬৯/- |
| ৬০ | বয়ারশিং দোয়ানিয়া খাল | বয়ারশিং | ৯.০৫ | ১২,৭৩৪/- | ১৩,৩৭০/- |
| ৬১ | লাঙ্গলমোরা (বদ্ধ) জলমহাল | শরাফপুর | ১৩.৭৮ | ৪,১৬৮/- | ৪,৩৭৭/- |
| ৬২ | বালিয়ার খাল (বদ্ধ) জলমহাল | ডুমুরিয়া সদর | ৪.৪১ | ৮,৮২০/- | ৯,২৬১/- |
| ৬৩ | দক্ষিণ বাগারদাইড় খাল | মাগুরখালী | ১৯.৯৯ | ৬,০০০/- | ৬,৩০০/- |
| ৬৪ | নিচুখালী খাল | শোভনা | ১৭.৯৪ | ১০,৯৩৯/- | ১১,৪৮৬/- |
| ৬৫ | কামার ও টানের খাল (বদ্ধ) জলমহাল | মাগুরখালী | ৬.৬৭ | ৮,১১০/- | ৮,৫১৫/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬৬ | পাচুড়িয়া খাল জলকর | শোভনা | ১৮.৭৯ | ৫,২৩২/- | ৫,৪৯৪/- | |
| ৬৭ | শিবনগর মৌজা তালতলা | শরাফপুর | ৪.৪০ | ৪,৫৫৬/- | ৪,৭৮৪/- | |
| ৬৮ | হরহরিয়া খাল | রুদাঘরা | ১৪.০৫ | ১,৪৪৮/- | ১,৫২১/- | |
| ৬৯ | নেকড়া জড়ান খাল | কোড়াকাটা মান্দারতলা | ৮.৩৬ | ১৭,৬২৪/- | ১৮,৫০৬/- | |
| ৭০ | কেয়াখালী খাল জলকর | শরাফপুর | ১২.৪৭ | ১,৯৫৪/- | ২,০৫২/- | |
| ৭১ | ভাংগর নদী জলকর | শরাফপুর | ৭.১১ | ৯,৫২৮/- | ১০,০০৪/- | |
| ৭২ | ঝরঝরিয়া জলমহাল | মাগুরখালি | ৩.০৬ | ৫,৮২৮/- | ৬,১১৯/- | |
| ৭৩ | রমাখালী খাল | সাহস | ১৭.১০ | ৫,৯৭২/- | ৬,২৭১/- | |

## শর্তাবলীঃ

১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায়/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল বন্দোবস্তের জন্য আবেদন করতে পারবে। তবে এক্ষেত্রে যুব মৎস্যজীবিদের নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা নিবন্ধন বিহীন সংগঠন আবেদন করতে পারবে না।

২। কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে, সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবলমাত্র সংশ্লিষ্ট জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (ক) বেকার যুবক (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান (গ) যুব মহিলা (ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা (ঙ) আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য (চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজ সেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি সংশ্লিষ্ট জলমহাল ০৩ (তিন) বছর মেয়াদে ইজারার নিমিত্তে আবেদন করতে পারবেন।

৩। আবেদন পত্র দাখিলের পূর্বে জলমহালের অবস্থান, আয়তন ইত্যাদি প্রত্যক্ষ ভাবে যাচাই-বাছাই করে আবেদন পত্র দাখিল করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদন পত্র দাখিলের প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) সংযুক্ত করবেন।

৫। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবেন ও বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন।

৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠনের এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি/ সংগঠন জলমহাল বন্দোবস্ত পাওয়ার অযোগ্য বিবেচিত হবে।

৭। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/ সমিতি গুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৮। আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্র সহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৯। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতিতে ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা পাওয়ার জন্য সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/ উৎপাদন সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করতে হবে।

১০। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতির কার্যক্রম সম্পর্কিত প্রমাণ স্বরূপ জেলা/ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

১১। সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% স্থানীয় সোনালী ব্যাংক লিঃ থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসাবে জামানত উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনাকে সম্বোধন করত: আবেদনের সাথে দাখিল করতে হবে।

১২। আবেদনপত্র যাচাই বাছাই করত : উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন সাপেক্ষে জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-০৯ যাবতীয় শর্ত বিবেচনা করে আলাপ-আলোচনার ভিত্তিতে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হবে। সিদ্ধান্ত প্রদান ১৫ কার্য দিবসের মধ্যে সরকারের নির্ধারিত ইজারা মূল্য সহ ৫% আয়কর ও ১৫% ভ্যাট সহ সমুদয় ইজারা মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় জামানত বাতিল সহ জমাকৃত টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১৩। মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে যাচাই-বাছাই এর ক্ষেত্রে কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বে কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা যাবে না।

১৪। ইজারা গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতি তাদের নামে বন্দোবস্তকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ বা কোন ব্যক্তিগোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না বা অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তাহা করে তাহলে উক্ত ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জামানত সহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত ইজারা গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বৎসর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৫। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠন ০২ টির অধিক জলমহালের ইজারা গ্রহণ করতে পারবে না।

১৬। জলমহাল সমূহের ইজারা বঙ্গাব্দ সনের যে সময়ই চূড়ান্ত হোক তার মেয়াদ ১লা বৈশাখ থেকে শুরু হয়েছে মর্মে গণ্য হবে।

১৭। প্রথম বৎসর ইজারা মূল্য পরিশোধের সঙ্গে সঙ্গে আবেদনকারীকে ইজারা চুক্তি ২৫০/- টাকা নন-জুডিসিয়াল স্টাম্পে সম্পাদন করতে হবে। অন্যথায় যথা সময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর গ্রহণ যোগ্য হবে না। ইজারা চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল গ্রহণ করা যাবে না।

১৮। ২য় বৎসরের সম্পূর্ন ইজারা মূল্য ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরে ইজারা মুল্য একই ভাবে পরবর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত সহ ইজারা বাতিল বলে গণ্য হবে। ইজারা মুল্য প্রদানের জন্য কোন প্রকার নোটিশ প্রদান করা হবে না।

১৯। ইজারার মেয়াদ শেষ হলে/ কোন কারণে ইজারা বাতিল করলে সাথে সাথে জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন দাবী/অধিকার/শর্ত থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার শর্ত দখল স্বয়ংক্রিয় ভাবে সরকারের নিকট ন্যস্ত হবে।

২০। কোন জলমহাল/ জলমহালের অংশ বিশেষের উপর মন্ত্রণালয়ের/ দেওয়ানী আদালতে স্থিতি আদেশ/ নিষেধাজ্ঞা থাকলে তাহা এ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা না হলেও ইজারা বর্হিভূত থাকবে। মামলা আছে কিন্তু স্থিতি আদেশ বা নিষেধাজ্ঞা আদেশ নেই এরূপ ইজারা প্রদান করা যাবে।

২১। উপর্যক্ত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জানার প্রয়োজন হলে তাহা সংশ্লিষ্ট অফিস হতে জানা যাবে।

২২। সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৩। ইজারা সংক্রান্ত সকল কার্যক্রমে সামাজিক দূরত্ব মেনে চলতে হবে এবং করোনা ভাইরাস প্রতিরোধে সময়ে জারিকৃত সরকারি আদেশ/স্বাস্থ্যবিধি অবশ্যই প্রতিপালন করতে হবে।

০৪/০৪/২০২৩

(শরীফ আসিফ রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহল ব্যবস্থাপনা কমিটি
ডুমুরিয়া খুলনা।

স্মারক নং- ৩১.৪৪.৪৭১৭.০০২.১৫.০০১.২৩- ৩৩২/১ তারিখ- ০৪।০৪।২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য খুলনা-০৫, (ডুমুরিয়া-ফুলতলা)
২। জেলা প্রশাসক খুলনা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ডুমুরিয়া খুলনা।
৪। .......................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, ডুমুরিয়া, খুলনা।
৫। প্রশাসনিক কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় খুলনা।
৬। সহকারী প্রোগ্রামার আই সি টি ডুমুরিয়া খুলনা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৭। চেয়ারম্যান .............. ইউনিয়ন পরিষদ ডুমুরিয়া, খুলনা।
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ডুমুরিয়া/ বয়ারসিং/ রুদাঘরা/ সাহস/ শরাফপুর/ শোভনা/ থুকড়া ডুমুরিয়া খুলনা।
৯। জনাব.................................................. সভাপতি/সম্পাদক, মৎস্যজীবী সমবায় সমিতি লি. ডুমুরিয়া, খুলনা।

০৪/০৪/২৩

(শরীফ আসিফ রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহল ব্যবস্থাপনা কমিটি
ডুমুরিয়া খুলনা।